

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (ইরেসপো) কর্মসূচি
পল্লী ভবন
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd

নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.২৭.০৫৭.২৪-৫৬৭


তারিখঃ ২৪ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচিভুক্ত বরিশাল জেলার বাবুগঞ্জ উপজেলায় কর্মরত মাঠ সংগঠক জনাব আরিফুল মোল্লা কর্তৃক সুফলভোগী সদস্যদের বিপরীতে বিতরন ও আদায়কৃত ঋণের কিস্তির অর্থ অফিসে/ব্যাংকে জমা না করে আত্মসাৎ, ঋণ প্রক্রিয়াকরণে অনিয়মসহ দায়িত্ব পালনে অবহেলা, অদক্ষতা, অসততা ও অর্থ আত্মসাতে দুরভিসন্ধিমূলক কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার বিষয়টি সুস্পষ্টভাবে প্রমানিত হয়েছে। এছাড়া, তার পূর্ববর্তী কর্মস্থল কচুয়া, বাগেরহাট এ কর্মকালীন আত্মসাতজনিত অপরাধের কারণে প্রাথমিকভাবে সাময়িক বরখাস্ত করা হলেও পরবর্তিতে অপরাধ স্বীকার করে অনুরূপ কর্মকাণ্ড হতে বিরত থাকার অঙ্গীকারের প্রেক্ষিতে সাময়িক বরখাস্তের আদেশ প্রত্যাহার করা হলেও তিনি নিজেকে সংশোধন করতে ব্যর্থ হয়েছেন। এহেন অবস্থায় তার অপরাধের ধরণ, প্রকৃতি ও গভীরতা বিবেচনা করে ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা, ২০২২ এর অনুচ্ছেদ ২৬ (ক) মোতাবেক মাঠ সংগঠক (ইরেসপো) জনাব আরিফুল মোল্লাকে চুক্তি ভিত্তিক নিয়োগ হতে সাময়িক বরখাস্ত করে বরিশাল জেলা দপ্তরে সংযুক্ত করা হলো।

২। বরখাস্তকালীন তার বিপরীতে সংশ্লিষ্ট উপজেলায় অর্জিত আয় থাকা স্বাপেক্ষে বিধি অনুযায়ী খোরাকী ভাতা প্রাপ্য হবেন।

৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

নং: ৪৭.৬২.০০০০.৯৬৬.২৭.০৫৭.২৪-৫৬৭

তারিখঃ ২৪ ডিসেম্বর, ২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে:

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরিশাল/বাগেরহাট।
২. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৪. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ বাবুগঞ্জ/কচুয়া, জেলাঃ বরিশাল/বাগেরহাট।
৫. জনাব আরিফুল মোল্লা, মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ বাবুগঞ্জ, জেলাঃ বরিশাল।
৬. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৭. অফিস কপি।


এ, এস, এম সোলায়মান
উপ প্রকল্প পরিচালক